

السَّلَامُ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহা

বিসমিল্লাহির রহমানির রহিম।

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম আসমাউল হুসনার ৬ষ্ঠ নাম ‘আস সালাম’ আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় ‘আসসালাম’ শব্দের মূল সিন-লাম-মীম। এই মূল শব্দ থেকে যে সমস্ত শব্দ বের হয়েছে তা পবিত্র কোরআন মাজিদে ১৪০ বার এসেছে। ‘আসসালাম’/ ‘ইসলাম’ (আত্মসমর্পণ করা, আত্মসমর্পণ); ‘সালাম’ (শান্তি, শান্তি দাতা); ‘মুসলিম’ (আত্মসমর্পণকারী); বিশুদ্ধ ও সম্ভাষণ অর্থেও ব্যবহৃত হয়েছে।

আল্লাহ ‘আস সালাম’ অর্থ একমাত্র শান্তি দানকারি।

পবিত্র কুরআন মাজিদে ইরশাদ হচ্ছে:

هُوَ اللَّهُ الَّذِي لَا إِلَهَ إِلَّا هُوَ الْمَلِكُ الْقُدُّوسُ السَّلَامُ ﴿٢٣﴾

সূরা আল হাশর ২৩ নং আয়াত -

তিনিই আল্লাহ, তিনি ছাড়া আর কোন ইলাহ নেই, তিনিই সর্বভৌম সম্রাট, তিনি সব ক্রটি থেকে পবিত্র। তিনি শান্তিদাতা।

وَاللَّهُ يَدْعُو إِلَىٰ دَارِ السَّلَامِ وَيَهْدِي مَن يَشَاءُ إِلَىٰ صِرَاطٍ مُّسْتَقِيمٍ ﴿٢٥﴾

সূরা ইউনুছ ২৫ নং আয়াত -

আল্লাহ দাওয়াত দিচ্ছেন দারুস সালামের (শান্তি নিবাস) এদিকে এবং তিনি যাকে চান পরিচালিত করেন সিরাতুল মুস্তাকিমে (সঠিক সুদৃঢ় পথে)

মুসলিম শরীফের হাদীস:

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাতের পর তিনবার আল্লাহর কাছে দোয়া করতেন -

اللهم أنت السلام ومنك السلام تباركت يا ذا الجلال والإكرام

হে আল্লাহ, তুমি ‘আসসালাম’, তোমার কাছ থেকে ‘আসসালাম’ শান্তি, অতিশয় মহান তুমি, অতীব মর্যাদাবান, মহানুভব।

আল্লাহ ‘আসসালাম’ সমস্ত অসম্পূর্ণতা থেকে মুক্ত, তিনি স্বয়ংসম্পূর্ণ সত্তা।

আসুন, আমরা আল্লাহকে তাঁর যথাযোগ্য মর্যাদা সহকারে সর্বসময় স্মরণ করি। তাঁর সত্তা ও গুণাবলীর সাথে কাউকে শরিক না করি। কারণ শরিক বড় অপরাধ। আল্লাহ ‘আসসালাম’ শরিকের পাপ ক্ষমা করবেন না।

আল্লাহ আমাদের সাহায্য করুক।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবরাকাতুহা